ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/রাজ-১৫/২০১৫/১৫৫৯৯

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে বড় বেলালদহ ইসলামিয়া ফাজিল মাদরাসা (BARO BELALDAH ISLAMIA FAZIL MADRASAH, EIIN:123280, CODE: 13288) ডাকঘর: প্রসাদপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ-এর অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর ঙ মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৮.০১.২০২৬ খ্রি. থেকে ২৭.০১.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২বছর মেয়াদি কোর্সে তাফসির বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো-

**শর্তসমূহ:**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ২বছর মেয়াদি তাফসির বিভাগের ভর্তির কার্যক্রম চালু হবে।
২. কামিল স্তরে পাঠদানের জন্য প্রাতিষ্ঠানিক বেতনে যোগ্যতা সম্পন্ন ০২ (দুই) জন শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. পুরাতন ভবন ও ছাত্রাবাস সংস্কার এবং নতুন একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
৪. কামিল স্তরের মৌলিক এবং রেফারেন্স গ্রন্থ দ্বারা মাদরাসার লাইব্রেরি সমৃদ্ধ করে শিক্ষার্থীদের অধ্যয়নের সুন্দর পরিবেশ নিশ্চিত করতে হবে।
৫. মাদরাসার প্রধান ফটকে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
৬. সকল শ্রেণিকক্ষ, অফিস, গ্রন্থাগার এবং অন্যান্য কক্ষগুলোর নাম বাংলা, আরবি এবং ইংরেজিতে লিখতে হবে।
৭. সকল ধরনের আয়-ব্যয় ক্যাশ কলামনার বইতে যথাযথভাবে লিপিবদ্ধ করত: ভাউচারগুলো অভ্যন্তরীণ অডিট কমিটির মাধ্যমে নিরীক্ষার পর গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৮. শিক্ষার্থীদের জন্য ইউনিফর্ম নির্ধারিত করে তা বাধ্যতামূলক পরিধানের ব্যবস্থা করতে হবে।
৯. শিক্ষার্থীদের একাডেমিক পড়াশোনার পাশাপাশি ইসলামি তাহজীব তমদ্দুন মেনে চলতে উৎসাহিত করতে হবে।
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

28/01/2026

(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
বড় বেলালদহ ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: প্রসাদপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/রাজ-১৫/২০১৫/১৫৫৯৯

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বড় বেলালদহ ইসলামিয়া ফাজিল মাদরাসা, প্রসাদপুর, মান্দা, নওগাঁ।
৭. অফিস নথি।

28/01/26

(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়